২। সভায় প্রধান কার্যালয়ের হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট ডিভিশনের ডেপুটি জেনারেল ম্যানেজার ও বিকল্প ফোকাল পয়েন্ট বীথি আক্তার উপস্থিত সকলকে স্বাগত ও কৃতজ্ঞতা জানিয়ে আলোচনা শুরু করেন। তিনি মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩ এর প্রেক্ষাপট ও কার্যক্রম সংক্ষিপ্ত আকারে সভায় উপস্থাপন করেন। "সোনার বাংলা গড়ার প্রত্যয়: জাতীয় শুদ্ধাচার কৌশল" শিরোনামে জাতীয় শুদ্ধাচার কৌশল ২০১২ সালে অনুমোদিত হয়। জাতীয় শুদ্ধাচার কৌশলের রূপকল্প 'সুখী-সমৃদ্ধ সোনার বাংলা' এবং অভিলক্ষ্য 'রাষ্ট্রীয় প্রতিষ্ঠান ও সমাজে সুশাসন প্রতিষ্ঠা'। APA - Annual Performance Agreement বাস্তবায়নের একটি সূচক হচ্ছে এই জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন। প্রধান কার্যালয়ে ৫টি কমিটির মাধ্যমে APA তে উল্লেখিত আবশ্যিক কর্ম-পরিকল্পনাসমূহ বাস্তবায়ন করা হয়ে থাকে। এর মধ্যে জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) কর্মপরিকল্পনা বাস্তবায়ন বিষয়ক একটি কমিটির দায়িত্ব হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট ডিভিশনের ওপর ন্যস্ত। এই পরিকল্পনার একটি অংশ হচ্ছে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহনে মতবিনিময় বা আলোচনা সভার আয়োজন করা। তিনি উল্লেখ করেন যে, এ সভায় সিটিজেন চার্টার, অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা এবং তথ্য অধিকার আইন সম্পর্কে আলোচনা করা হবে। তিনি উপস্থিত সম্মানিত গ্রাহকদেরকে বর্তমানে সেবা প্রাপ্তির বিষয়ে কোনো সমস্যা, অভিযোগ বা কোনো পরামর্শ থাকলে তা উপস্থাপন করার জন্য অনুরোধ জানান।

৩। জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের নিমিত্তে অংশীজনের অংশগ্রহণে আয়োজিত সভায় নিম্নোক্ত গ্রাহকদের বক্তব্য নিম্নরূপ:

৩.১ কুমিল্লা কর্পোরেট শাখা, কুমিল্লা শাখার গ্রাহক আলহাজ্ব মোঃ নুরুল হুদা এবং মেসার্স নুরুল হুদা ফিলিং স্টেশন এর স্বত্বাধিকারী তার বক্তব্যে শাখার সার্বিক ব্যাংকিং সেবায় সন্তুষ্টি প্রকাশ করেন। তার গৃহীত সিসি(হাইপো) ঋণের সীমা ৩(তিন) কোটি টাকা। তিনি তার ব্যবসা আরও সম্প্রসারিত হওয়ায় অতিরিক্ত আরও ৩(তিন) কোটি টাকা ঋণের জন্য আবেদন করবেন মর্মে সভায় উল্লেখ করলে সিইও এন্ড এমডি তাকে আবেদন করার জন্য বলেন এবং সংশ্লিষ্ট শাখার ম্যানেজারকে লিমিট বর্ধিতকরণের প্রস্তাব যাচাই-বাছাইপূর্বক স্বল্প সময়ের মধ্যে মতামত উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট অনুমোদনের জন্য প্রেরণের নির্দেশ দেন।

৩.২ কুমিল্লা কর্পোরেট শাখা, কুমিল্লা শাখার ঋণগ্রহীতা প্রতিষ্ঠান মেসার্স রিমি টেইলারিং শপ এর স্বত্বাধিকারী নাজমা আক্তার তার বক্তব্যে উল্লেখ করেন যে, ২০২২ সালে যুবমেলা ঢাকা বাংলাদেশে নারী উদ্যোক্তাদের মধ্যে তার প্রতিষ্ঠান ১ম সেরা পুরস্কার পান। ২০১৪ সালে ৫.০০ লক্ষ টাকা ঋণ গ্রহণ করে তিনি ব্যবসা শুরু করেন। পরবর্তীতে, ২০২১ সালে প্রণোদনা প্যাকেজের আওতায় পুনরায় ৫.০০ লক্ষ টাকা ঋণ গ্রহণ করেছেন। শাখার সার্বিক সহযোগিতায় তিনি সন্তোষ প্রকাশ করেন।

৩.৩ কংশনগর শাখা, কুমিল্লা শাখার গ্রাহক জনাব মোঃ জমিরুল ইসলাম এবং মেসার্স সুমন অটো রাইস মিল এর স্বত্বাধিকারী তার বক্তব্য সভায় উপস্থাপন করতে গিয়ে উল্লেখ করেন যে, তার অটো রাইস মিলে চায়নায় তৈরি মেশিনে বর্তমানে প্রতিদিন ১২০০ মণ ধান ভাঙ্গানো হয়। তার গৃহীত সিসি (হাইপো) ঋণ সীমা ৮০.০০ লক্ষ টাকা। তার ব্যবসার কলেবর বাড়ায় তিনি ঋণের লিমিট আগামীতে ৪ কোটি টাকায় বর্ধিত করার জন্য আবেদন করবেন মর্মে জানান এবং এ বিষয়ে সহযোগিতার আশ্বাস চান।

৩.৪ মিয়া বাজার শাখা, কুমিল্লা শাখার গ্রাহক জনাব হাজী মোঃ আলী আজ্জম এবং মেসার্স সোনালী অটো রাইস মিল এর স্বত্বাধিকারী বর্তমানে প্রতিদিন দুই শিফটে কাজ করছেন। তার সিসি (হাইপো) ঋণের সীমা ২.০০ কোটি টাকা। তিনি শাখার কর্মকর্তাদের সার্ভিসে তার সন্তুষ্টি প্রকাশ করেন।

৩.৫ কংশনগর শাখা, কুমিল্লা শাখার রেমিট্যান্স সেবা গ্রহণকারী গ্রাহক জনাব মোঃ সায়ফুল ইসলাম তার বক্তব্য তুলে ধরেন। তিনি উল্লেখ করেন যে, তিনি ব্যক্তি হিসেবে ফরেন রেমিট্যান্স প্রাপ্তিতে কুমিল্লা জেলার মধ্যে ২য় সর্বোচ্চ রেমিট্যান্স প্রাপ্ত ব্যক্তি। অন্য প্রাইভেট ব্যাংকে ফরেন রেমিট্যান্স এ রেট বেশি দেয়া হয়। তৎপ্রেক্ষিতে তাকে সভায় আশ্বস্ত করা হয় যে, রেমিট্যান্সের নির্ধারিত হারে সর্বোচ্চ রেট সোনালী ব্যাংকে প্রদান করা হচ্ছে।

৩.৬ মেড্ডা উপজেলা কমপ্লেক্স শাখা, ব্রাহ্মণবাড়িয়া শাখার কৃষি ঋণগ্রহীতা গ্রাহক জনাব মোঃ লিল মিয়া তার বক্তব্য উপস্থাপনকালে উল্লেখ করেন যে, তিনি ২.০০ লক্ষ টাকা কৃষি ঋণ গ্রহণ করেছেন এবং প্রতি বছর তিনি এ শাখা থেকে কৃষি ঋণ গ্রহণ করেন ও সময়মত কিস্তির পরিশোধ করেন। তিনি ব্যাংকের সেবার মান ভালো মর্মে উল্লেখ করেন।



সোনালী ব্যাংক পিএলসি, হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট ডিভিশন, প্রধান কার্যালয়, ঢাকা

৩.৭ ব্রাহ্মণবাড়িয়া কর্পোরেট শাখা, ব্রাহ্মণবাড়িয়া শাখার গ্রাহক জনাব মমিন হোসেন এবং প্রতিষ্ঠাতা ও নির্বাহী পরিচালক, সমাজ উন্নয়ন কেন্দ্র (সুক)তার বক্তব্য তুলে ধরেন। তিনি উল্লেখ করেন যে, তার প্রতিষ্ঠান এনজিও লিংকেজ এর মাধ্যমে সর্বপ্রথম ৮.০০ লক্ষ টাকা ঋণ গ্রহণ করে পরবর্তীতে ধাপে ধাপে ২০.০০ লক্ষ, ৪০.০০ লক্ষ, ৯০.০০ লক্ষ টাকা হতে বর্তমানে ১.৫০ কোটি টাকা ঋণ গ্রহণ করেছেন। বর্তমানে তার ৫.০০ কোটি টাকার ঋণ প্রস্তাব প্রক্রিয়াধীন রয়েছে। তিনি উল্লেখ করেন, প্রায় ৫/৭টি ব্যাংকের সাথে লেনদেন করলেও সোনালী ব্যাংকের সেবায় তিনি সন্তুষ্ট। শাখার কর্মকর্তাদের সহযোগিতামূলক আচরণ ও কার্যক্রমের জন্য তিনি সন্তুষ্টি প্রকাশ করেন। তার রিকভারি প্রায় শতভাগ মর্মে শাখার ম্যানেজার নিশ্চিত করেন।

৩.৮ ব্রাহ্মণবাড়িয়া কর্পোরেট শাখা, ব্রাহ্মণবাড়িয়া শাখার গ্রাহক জনাব মোঃ আল আমিন এবং মেসার্স অথেনটিক এলপিজি রেটিকুলেশন সার্ভিস এর স্বত্বাধিকারী তার বক্তব্য উপস্থাপন করেন। তিনি উল্লেখ করেন যে ২০.০০ লক্ষ টাকা সিসি ঋণ সুবিধা নিয়ে তিনি এ শাখার অর্থায়নে ব্যবসা শুরু করেন। আবাসিক বিল্ডিং এর মিটার ভিত্তিক এলপিজি পাইপ লাইনের মাধ্যমে বিতরণ করেন। বর্তমানে তার ব্যবসা ক্রমশ বর্ধমান। তিনি ব্যাংক শাখায় কর্মরতদের সার্ভিসে সন্তুষ্টি প্রকাশ করেন এবং ভবিষ্যতে এ খাতে চাহিদা বৃদ্ধি পাওয়ায় লিমিট বৃদ্ধির জন্য অনুরোধ জানান।

৩.৯ টি.এ. রোড শাখা, ব্রাহ্মণবাড়িয়া শাখার গ্রাহক জনাব সাইফুল ইসলাম এবং মেসার্স বিসমিল্লাহ ইঞ্জিনিয়ারিং ওয়ার্কশপ এন্ড এসএস থাই এ্যালুমিনিয়াম এর স্বত্বাধিকারী তার বক্তব্য উপস্থাপন করেন। তিনি উল্লেখ করেন যে, পূর্বে ঋণের আবেদনে কাগজপত্রের ঘাটতি থাকায় এ ব্যাংক হতে শুরুতে ঋণ পাননি। পরবর্তীতে ঋণের আবেদন করার পর সঠিকভাবে ডকুমেন্ট জমা দেওয়ার প্রেক্ষিতে শাখা হতে ১৫.০০ লক্ষ টাকা ঋণ পান। পরবর্তী সময়ে ঋণ পেতে তাকে কোনো হয়রানি হতে হয়নি। তার বর্তমান ঋণসীমা ৪০.০০ লক্ষ টাকা। প্রথমে তার ব্যবসায় পুঁজি ছিল ১২.০০ লক্ষ টাকা। বর্তমানে তার ২.০০ কোটি টাকার পুঁজি রয়েছে। তিনি বিভিন্ন ভবনের গ্রিল, থাই গ্লাস লাগানো ও ওয়েল্ডিং এর কাজ কন্ট্রাক্ট নিয়ে করে থাকেন। ব্যবসার পরিধি বৃদ্ধিতে তার আরও ঋণ প্রয়োজন। ব্যবসায় বাকিতে মাল দেওয়া লাগে বিধায় বেশি পুঁজির প্রয়োজন। পুঁজি/প্রণোদনার সুযোগ দিয়ে ঋণ বাড়ালে তার ব্যবসার আরও উন্নতি হবে।

তার বক্তব্যের প্রেক্ষিতে সিইও এন্ড এমডি মহোদয় CMSME খাতে বাংলাদেশ ব্যাংকের যে রি-ফাইন্যান্সিং স্কিম রয়েছে সে খাতে ঋণ বাড়িয়ে দেওয়ার বিষয়ে শাখার ম্যানেজারকে নির্দেশনা প্রদান করেন। সহায়ক জামানত হিসেবে মর্টগেজ দেয়া জমির ভ্যালুয়েশন সর্বশেষ ৩ বছর পূর্বের হওয়ায় তিনি পুনরায় তা রিভ্যালুয়েশন করার নির্দেশনা প্রদান করেন।

৩.১০ কুমিল্লা কর্পোরেট শাখা, কুমিল্লা শাখার গ্রাহক জনাব মোঃ আবদুল আউয়াল এবং মেসার্স লিবার্টি ক্রোকারিজ এর স্বত্বাধিকারী সভায় তার বক্তব্য উপস্থাপনকালে উল্লেখ করেন যে, তিনি ১৫.০০ লক্ষ টাকা সিসি ঋণ (হাইপো) গ্রহণ করেছেন। তার ব্যবসার পরিধি বাড়ার কারণে লিমিট বর্ধিত করার ব্যাপারে সহযোগিতা কামনা করেন।



সোনালী ব্যাংক পিএলসি, রিটেইল বিজনেস ডেভেলপমেন্ট ডিভিশন, প্রধান কার্যালয়, ঢাকা

৩.১১ কুমিল্লা কর্পোরেট শাখা, কুমিল্লা শাখার গ্রাহক জনাব মোঃ ফরহাদ উল্লাহ এবং মেসার্স সফট লিংক এর স্বত্বাধিকারী সভায় তার বক্তব্য উপস্থাপন করেন। তিনি উল্লেখ করেন যে, তার ব্যবসায়ের মোট ঋণ বর্তমানে ১.৪৫ কোটি টাকা। ২০০৮ সাল থেকে বর্তমান পর্যন্ত তিনি এ শাখার সাথে ব্যবসায়িক সম্পর্কে সন্তুষ্ট মর্মে উল্লেখ করেন। তিনি সময়মতো সব কিস্তি নিয়মিত পরিশোধ করেন। তিনি এ ব্যাংকের গ্রাহকদের কার লোন প্রদানের জন্য পরামর্শ প্রদান করলে, সিইও এন্ড এমডি মহোদয় বলেন যে সরকারের উন্নয়ন কর্মসূচি এগিয়ে নিতে অনুৎপাদনশীল খাতে বিনিয়োগ নিরুৎসাহিত করা হচ্ছে বিধায় কার লোন বর্তমানে চালু করা সম্ভব নয়।

৩.১২ শাহরাস্তি শাখা, চাঁদপুর শাখার গ্রাহক জনাব শাহ মিরন বশির এবং মেসার্স গ্রাসরুট অর্গানিক এগ্রো এর স্বত্বাধিকারী সভায় তার বক্তব্য উপস্থাপন করেন। তিনি উল্লেখ করেন যে, তার ডেইরি ফার্ম তথা দুধের ব্যবসায় তিনি সিসি ঋণ (SOD) গ্রহণ করেছেন। বর্তমানে গোখাদ্যের দাম অনেক বৃদ্ধি পেয়েছে। আগস্ট/সেপ্টেম্বরে ঋণ এক্সটেনশন করার আবেদন করবেন মর্মে সভায় উল্লেখ করেন। তৎপ্রেক্ষিতে সিইও এন্ড এমডি মহোদয় সব কাগজপত্র রেগুলার থাকলে ঋণ নবায়ন করার সময়ে তাকে বিধি মোতাবেক ঋণ প্রস্তাব বিবেচনার জন্য সংশ্লিষ্টদের নির্দেশনা প্রদান করেন।

৩.১৩ কচুয়া বাজার শাখা, চাঁদপুর শাখার গ্রাহক জনাব খোরশেদ আলম এবং মেসার্স মক্কা ট্রেডার্স এর স্বত্বাধিকারী সভায় তার বক্তব্য উপস্থাপন করেন। তিনি উল্লেখ করেন যে, তার রড, সিমেন্ট, দরজা এর শোরুম রয়েছে যার লেনদেন প্রতিদিন প্রায় ১০.০০ লক্ষ টাকা। তার নিজের অর্থায়নে তৈরি মার্কেট, বাড়ি আছে। ঋণ গ্রহণের খুব প্রয়োজন না হলেও শাখার ম্যানেজারের সাথে সুসম্পর্ক থাকায় তিনি ব্যবসা বৃদ্ধির জন্য বর্তমানে ৪০.০০ লক্ষ টাকা ঋণ গ্রহণ করেছেন।

৩.১৪ ফরিদগঞ্জ শাখা, চাঁদপুর শাখার গ্রাহক জনাব সোহেল চৌধুরী এবং মেসার্স আনোয়ারা এন্টারপ্রাইজ এর স্বত্বাধিকারী সভায় তার বক্তব্য উপস্থাপন করেন। তিনি উল্লেখ করেন যে, তিনি রড-সিমেন্ট ব্যবসায়ের প্রয়োজনে সিসি (হাইপো) ঋণ এর আওতায় ৪৫.০০ লক্ষ টাকা ঋণ গ্রহণ করেছেন। চাঁদপুরে তার প্রজেক্ট/দোকান রয়েছে। তিনি শাখার সার্বিক সহযোগিতায় সন্তোষ প্রকাশ করেন।

৩.১৫ চাঁদপুর শাখা, চাঁদপুর শাখার গ্রাহক জনাব মোঃ শরিফুল ইসলাম লিটন এবং মেসার্স লিটন মেডিকেল হল এর স্বত্বাধিকারী সভায় তার বক্তব্য উপস্থাপন করেন। তিনি উল্লেখ করেন যে, তিনি ৪০.০০ লক্ষ টাকা সিসি ঋণ (হাইপো) নিয়েছেন। তিনি ঋণের লিমিট ১.০০ কোটি টাকায় বর্ধিত করার জন্য আবেদন করবেন। তার জমির ভ্যালুয়েশন বর্তমানে ১.১২ কোটি টাকা। তিনি ব্যাংক কর্মকর্তাদের সার্ভিসে তার সন্তুষ্টি প্রকাশ করেন।

৩.১৬ কংশনগর শাখা, কুমিল্লা শাখার রেমিট্যান্স গ্রহণকারী গ্রাহক মমতাজ আকতার বৈদেশিক রেমিট্যান্স গ্রহণকারী গ্রাহকদের মধ্যে ১ম পুরস্কার অর্জন করেছেন। তিনি তার বক্তব্যে উল্লেখ করেন যে, তার আত্মীয় স্বামী/ভাসুর/দেবর কাতার থেকে রেমিট্যান্স পাঠান। অন্যান্য ব্যাংকে রেমিট্যান্স পাঠালে বেশি টাকা পাওয়া যায় বলে প্রচার করা হয়। সোনালী ব্যাংকের রেমিট্যান্স সেবা প্রাপ্তিতে তিনি সন্তুষ্টি জ্ঞাপন করেন।

৪। জনাব মোঃ সাফায়েত হোসেন পাটওয়ারী, জেনারেল ম্যানেজার (এইচআর), সোনালী ব্যাংক পিএলসি., প্রধান কার্যালয়, ঢাকা ও প্রধান কার্যালয়স্থ নৈতিকতা কমিটির ফোকাল পয়েন্ট সম্মানিত গ্রাহকদের শুভেচ্ছা জ্ঞাপন করেন। তিনি বলেন যে, গ্রাহক না থাকলে ব্যাংক থাকবে না। সেবা দেওয়ার ক্ষেত্রে কোনো ঘাটতি বা গ্যাপ আছে নাকি, ভুলত্রুটি থাকলে তা গ্রাহকদের বলতে আহ্বান জানান। তিনি বলেন, শুদ্ধাচার হলো সততা ও নৈতিকতা প্রভাবিত আচরণ। একজন ভাল মানুষ অন্যায় করতে পারে না। এজন্য মনোবল দৃঢ় থাকা প্রয়োজন। সকল ধর্মে ভালো কথা ভালো আচরণের কথা বলা হয়েছে মানুষকে সঠিক পথে নিয়ে আসার জন্য। পৃথিবীর শুরু থেকে মানুষকে সভ্য করার জন্য ধর্ম এসেছে। মানুষ সভ্য হয়ে সভ্যতাকে এগিয়ে নেবে। তিনি আর্থিক প্রতিষ্ঠান বিভাগ কর্তৃক এ ব্যাংকের সিইও এন্ড এমডি মহোদয় এর শুদ্ধাচার পুরস্কার, ২০২১-২০২২ প্রাপ্তির বিষয়টি সভায় উল্লেখ করে তাকে শুভেচ্ছা জ্ঞাপন করেন।

৫। সভার বিশেষ অতিথি জনাব মীর মোফাজ্জল হোসেন, ডেপুটি ম্যানেজিং ডিরেক্টর তার বক্তব্যে উল্লেখ করেন যে, বাংলাদেশ সৃষ্টি হয়েছিল সাম্য, ন্যায়বিচার নিশ্চিত করার জন্য। জাতির জনকের যোগ্য উত্তরসূরী স্বচ্ছতা জবাবদিহিতা নিশ্চিত করার জন্য গুরুত্বারোপ করেছেন। সরকার শুদ্ধাচারের প্রতিষ্ঠায় কাজ করছে। তিনি উল্লেখ করেন যে, প্রতিটি গ্রাহকের কাছে সেবা সঠিকভাবে, স্বল্প সময়ে, স্বল্প খরচে পৌছে দিতে এ ব্যাংক বদ্ধপরিকর। গ্রাহকদের হয়রানি বা খরচ বেশি হচ্ছে কিনা তা জানার জন্যই গণশুনানি। গ্রাহকগণ কোনভাবেই হয়রানি হচ্ছে কিনা, সেবা পাচ্ছেন কিনা, খরচ বেশি হচ্ছে কিনা সেজন্য অংশীজনেরা পরামর্শ দিবেন। স্বচ্ছতা বজায় রাখবে, শুদ্ধ থাকবে, নৈতিকতা থাকবে। নীতিবান মানুষ যা করবে তাই শুদ্ধাচার। স্বচ্ছতা জবাবদিহিতা না থাকলে অস্বচ্ছতার উদ্ভব ঘটে। আমাদের সকল সেবাই শতভাগ পরিপূর্ণ ভালো নয়, এজন্য আমাদের ভুলভ্রান্তি ধরিয়ে দিবেন। জনগণ ব্যাংকের সেবা সঠিকভাবে জানুক। আমাদের কোন ঘাটতি আছে কি-না, সমস্যা আছে কি-না, কোন বাধা আছে কি-না, তা জানানোর জন্য তিনি আহ্বান জানান। স্বল্প সময়ে, স্বল্প ব্যয়ে, মান বাড়িয়ে সেবা বৃদ্ধির বিষয়ে আশাবাদ ব্যক্ত করে তিনি তাঁর বক্তব্য শেষ করেন।

৬। সভার প্রধান অতিথি তার বক্তব্যের শুরুতে গভীর শ্রদ্ধার সাথে বঙ্গবন্ধু ও বীর মুক্তিযোদ্ধাদের স্মরণ করেন। তিনি উপস্থিত গ্রাহকদের সভায় অংশগ্রহণ করায় তাদেরকে এবং সভা আয়োজনের সঙ্গে সংশ্লিষ্টদের ধন্যবাদ জানান। তিনি সভায় আগত গ্রাহকদের মধ্যে ঋণ গ্রহীতা ও রেমিট্যান্স সেবা গ্রহণকারী থাকলেও নতুন ঋণ প্রত্যাশীদের কেউ না থাকার জন্য একটা অপূর্ণতা রয়ে গেল মর্মে উল্লেখ করেন। সার্ভিস প্রদানের ক্ষেত্রে ত্রুটি বিচ্যুতি হতে পারে যা দুই ধরনের— ইচ্ছাকৃত ও অনিচ্ছাকৃত। গণশুনানির অন্যতম উদ্দেশ্য হচ্ছে ইচ্ছাকৃত ত্রুটি-বিচ্যুতি রয়েছে কি-না তা জানা এবং বিদ্যমান সেবার বিষয়ে বিশেষত: শুদ্ধাচারে কোনো ঘাটতি আছে কি-না। ইতোমধ্যে গ্রাহক সেবার মান উন্নয়ন, রপ্তানিকারকদের আকৃষ্টকরণ ও ব্যাংক ব্যবসার সার্বিক পরিধি বৃদ্ধিসহ সামগ্রিক ব্যাংকিং সেবা উন্নয়নের লক্ষ্যে দেশের বিভিন্ন স্থানে ১৮টি শাখাকে মডেল শাখা হিসেবে ঘোষণা করা হয়েছে।

সিটিজেন চার্টার কোন সেবার কি ধরনের চার্জ আছে তা উল্লেখ আছে। সার্ভিস বা সেবা দেয়া-নেয়ার ক্ষেত্রে জবাবদিহিতা থাকতে হবে। আজকে সভায় সবাই ব্যাংকারদের প্রশংসা করেছে যা গর্বিত করলেও কিছুটা অতৃপ্তি রয়ে যাচ্ছে। কেননা, সকলের ধারণা সরকারি ব্যাংক গতানুগতিক সার্ভিস দেয়। এখান থেকে সোনালী ব্যাংক বের হয়ে আসতে পেরেছে কি-না তা জানা প্রয়োজনীয়।

পৃষ্ঠা - ৫ / ৬

বর্তমানে ক্যাশলেস ব্যাংকিং এর লক্ষ্যে QR কোড চালু করা হয়েছে। এর মাধ্যমে ব্রাহ্মণবাড়িয়ার গ্রাহক কুমিল্লার যে কোনো শাখা থেকে চেক বই ছাড়াই টাকা তুলতে পারবে। Sonali e-Wallet মোবাইল অ্যাপের মাধ্যমে এ সার্ভিস পাওয়া যাচ্ছে। গ্রাহককে ই-ওয়ালেট সেবার আওতায় নগদ টাকা বহন না করে কিভাবে সকল লেনদেন ই-ওয়ালেট এর মাধ্যমে করতে পারেন সে বিষয়ে জানাতে ও সহযোগিতা করতে শাখার ম্যানেজারদেরকে তিনি নির্দেশনা প্রদান করেন।

যিনি সার্ভিস দেন এবং যিনি সার্ভিস নেন প্রত্যেককে একাউন্টেবল করতে হবে। তা না হলে সঠিক সেবা পাওয়া যাবে না। কোন সেবা পেতে কতদিন লাগবে তা যদি সকলের জানা থাকে তাহলে সেবা পেতে সমস্যা হবেনা। কোনো অভিযোগ থাকলে জানানোর আহ্বান জানিয়ে, এ ব্যাংকের সার্ভিসের মান আগামীতেও অব্যাহত থাকবে মর্মে আশাবাদ ব্যক্ত করে তিনি তার বক্তব্য শেষ করেন।

৭। প্রধান অতিথির বক্তব্যের পরে কয়েকজন গ্রাহক নিম্নোক্ত মতামত প্রকাশ করেন:

ক. অন্য ব্যাংকে অনলাইনে চার্জ নেয়া হয়না উল্লেখ করে অনলাইনে চার্জ না নেয়ার বিষয়ে পরামর্শ প্রদান করেন।

খ. সহায়ক জামানত হিসেবে মর্টগেজকৃত জমির মূল্যায়ন কম ধরা হয় মর্মে মতামত প্রকাশ করেন।

গ. লোন প্রসেসিং আরও সহজ করার জন্য পরামর্শ প্রদান করেন।

এছাড়াও সভায় উপস্থিত নির্বাহীবৃন্দ নির্ধারিত আলোচনায় অংশগ্রহণ করে মতামত ব্যক্ত করেন।

পরিশেষে আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি গ্রাহকদের ব্যবসায়িক সমৃদ্ধি ও ভবিষ্যতে ব্যাংকের পূর্ণ সহযোগিতা অব্যাহত রাখার আশাবাদ ব্যক্ত করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১০.০৬.২৩

(মীর মোফাজ্জল হোসেন)
ডেপুটি ম্যানেজিং ডিরেক্টর
সোনালী ব্যাংক পিএলসি., প্রধান কার্যালয়, ঢাকা।

সোনালী ব্যাংক পিএলসি.
SONALI BANK PLC.
উদ্ভাবনী ব্যাংকিং এ আপনার বিশ্বস্ত সঙ্গী

জেনারেল ম্যানেজার'স অফিস,
কুমিল্লা।

"সুবর্ণ জয়ন্তীর অঙ্গীকার
সোনালী ব্যাংক হবে সবার"

জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের নিমিত্ত অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে ২০২২-২৩ অর্থবছরে সভা (এপ্রিল জুন, ২০২৩ কোয়ার্টার) ও গণশুনানীতে অংশগ্রহণকারীদের তালিকাঃ

| ক্রঃ নং | নাম, পদবী ও কর্মস্থল | স্বাক্ষর |
|---|---|---|
| ০১ | জনাব মোঃ আফজাল করিম<br>সিইও এন্ড ম্যানেজিং ডিরেক্টর<br>ও আহবায়ক, প্রধান কার্যালয়স্থ নৈতিকতা কমিটি<br>প্রধান কার্যালয়, ঢাকা | [signature] 10.06.2023 |
| ০২ | জনাব মীর মোফাজ্জল হোসেন<br>ডেপুটি ম্যানেজিং ডিরেক্টর-০২<br>প্রধান কার্যালয়, ঢাকা | [signature] |
| ০৩ | জনাব মোঃ সাফায়েত হোসেন পাটওয়ারী<br>জেনারেল ম্যানেজার (এইচ আর)<br>ও শুদ্ধাচার ফোকাল পয়েন্ট<br>প্রধান কার্যালয়, ঢাকা | [signature] 10.06.2023 |
| ০৪ | জনাব মোঃ শরিয়ত উল্লাহ<br>জেনারেল ম্যানেজার<br>জেনারেল ম্যানেজার'স অফিস, কুমিল্লা | [signature] |
| ০৫ | জনাব বীথি আক্তার<br>ডেপুটি জেনারেল ম্যানেজার (এইচআরডিডি)<br>ও বিকল্প শুদ্ধাচার ফোকাল পয়েন্ট<br>প্রধান কার্যালয়, ঢাকা | [signature] 10.06.2023 |
| ০৬ | জনাব মনির হোসেন<br>ডেপুটি জেনারেল ম্যানেজার<br>প্রিন্সিপাল অফিস, কুমিল্লা | [signature] |
| ০৭ | জনাব জাহাঙ্গীর আলম<br>ডেপুটি জেনারেল ম্যানেজার<br>জেনারেল ম্যানেজার'স অফিস, কুমিল্লা | [signature] |
| ০৮ | জনাব মোহাম্মদ খায়রুল আনাম ভূঞা<br>ডেপুটি জেনারেল ম্যানেজার<br>জেনারেল ম্যানেজার'স অফিস, কুমিল্লা | [signature] |
| ০৯ | জনাব মোঃ মোবারক হোসেন<br>ডেপুটি জেনারেল ম্যানেজার<br>প্রিন্সিপাল অফিস, ব্রাহ্মনবাড়িয়া | [signature] |
| ১০ | জনাব মোঃ নাছির উদ্দিন খান<br>ডেপুটি জেনারেল ম্যানোজর<br>কুমিল্লা কর্পোরেট শাখা, কুমিল্লা | [signature] |
| ১১ | জনাব মোঃ ফারুখ হোসেন<br>ডেপুটি জেনারেল ম্যানেজার<br>প্রিন্সিপাল অফিস, চাঁদপুর | [signature] |

জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের নিমিত্ত অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে ২০২২-২৩ অর্থবছরে সভা (এপ্রিল জুন, ২০২৩ কোয়ার্টার) ও গণশুনানীতে অংশগ্রহণকারীদের তালিকাঃ

| | | |
|---|---|---|
| ১২ | জনাব সন্তোষ চন্দ্র দেবনাথ<br>ডেপুটি জেনারেল ম্যানেজার<br>জেনারেল ম্যানেজার'স অফিস, কুমিল্লা | 18/06/2023 |
| ১৩ | জনাব মোঃ আক্তার হোসেন<br>ডেপুটি জেনারেল ম্যানেজার (ইনচার্জ)<br>ব্রাহ্মনবাড়িয়া কর্পোরেট শাখা, ব্রাহ্মনবাড়িয়া | |
| ১৪ | জনাব কে.এম.নাজমুল আহসান<br>এসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার<br>জেনারেল ম্যানেজার'স অফিস, কুমিল্লা | |
| ১৫ | জনাব বিপ্লব বনিক<br>এসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার<br>জেনারেল ম্যানেজার'স অফিস, কুমিল্লা | |
| ১৬ | জনাব মোঃ মানিক সরকার<br>এসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার<br>চাঁদপুর শাখা, চাঁদপুর | |

**জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের নিমিত্ত অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে ২০২২-২০২৩ অর্থ বছরের সভা (এপ্রিল-জুন, ২০২৩ কোয়ার্টার) ও গনশুনানিতে অংশগ্রহণকারী অংশীজনদের (Stakeholders) হাজিরা শীটঃ**

**তারিখঃ ১০/০৬/২০২৩, স্থান- হোটেল এ্যালিট প্যালেস, ঝাউতলা, কুমিল্লা।**

| ক্রঃ নং | নাম, ঠিকানা ও মোবাইল নম্বর | সংশ্লিষ্ট শাখার নাম | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১ | আলহাজ্ব মোঃ নুরুল হুদা<br>ঠিকানা- মেসার্স নুরুল হুদা ফিলিং স্টেশন, তেলিকোনা, চকবাজার, কুমিল্লা।<br>মোবাইল- ০১৭১১০৫২২৭২ | কুমিল্লা কর্পোরেট শাখা, কুমিল্লা। | |
| ২ | জনাব মোঃ ফরহাদ উল্লাহ<br>ঠিকানা- মেসার্স সফট লিংক, এ/১, টাউনহল সুপারমার্কেট, কান্দিরপাড়, কুমিল্লা।<br>মোবাইল-০১৭১১০৬৩৭৮৩ | কুমিল্লা কর্পোরেট শাখা, কুমিল্লা। | |
| ৩ | জনাব মোঃ রেজাউল করিম<br>ঠিকানা- মেসার্স ফিরোজ সন্স এন্ড কোং আলেখারচর বিশ্বরোড, দূর্গাপুর, আদর্শ সদর, কুমিল্লা,<br>মোবাইল-০১৭১৩৩১২২৯৯ | কুমিল্লা কর্পোরেট শাখা, কুমিল্লা | |
| ৪ | জনাব মোঃ আবদুল আউয়াল<br>ঠিকানা- মেসার্স লিবার্টি ক্রোকারিজ, মনোহরপুর, কোতয়ালী, কুমিল্লা।<br>মোবাইল- ০১৭১৮৭৭৯৩৬৫ | কুমিল্লা কর্পোরেট শাখা, কুমিল্লা। | |
| ৫ | জনাব নাজমা আক্তার<br>ঠিকানা- মেসার্স রিমি টেইলারিং শপ, ২১২/৫ নজরুল এভিনিউ, রানীর বাজার রোড, কুমিল্লা।<br>মোবাইল -০১৮২৪৫৫৯০১০ | কুমিল্লা কর্পোরেট শাখা, কুমিল্লা। | |
| ৬ | জনাব হাজী মোঃ আলী আজ্জম<br>ঠিকানা- মেসার্স সোনালী অটো রাইস মিল, চাঁন্দশ্রী, মিয়া বাজার, চৌদ্দগ্রাম, কুমিল্লা।<br>মোবাইল-০১৭১১৮২৭৩১৭ | মিয়া বাজার শাখা, কুমিল্লা | |
| ৭ | জনাব মোঃ সাইফুল ইসলাম<br>ঠিকানা- মেসার্স সালাউদ্দিন ডেইরী, পোল্ট্রি ও মৎস্য ফার্ম, রসুলপুর, দেবিদ্বার, কুমিল্লা।<br>মোবাইল -০১৬২৪৪৬৮২২৫, ০১৮১৫০৯৩৯১৯ | কোম্পানীগঞ্জ বাজার শাখা, কুমিল্লা | |
| ৮ | জনাব মোঃ কামাল হোসেন<br>ঠিকানা- মেসার্স কামাল পোল্ট্রি ফার্ম এন্ড মৎস্য খামার, বেলাশ্বর, চান্দিনা, কুমিল্লা।<br>মোবাইল-০১৭২৩৮৯৯০০৭ | চান্দিনা শাখা, কুমিল্লা | |
| ৯ | জনাব মোঃ জমিরুল ইসলাম<br>ঠিকানা-মেসার্স সুমন অটো রাইস মিল, পশ্চিম সিংহ (ইমা গাজীর বাড়ী), কংশনগর, বুড়িচং, কুমিল্লা।<br>মোবাইল-০১৭১১১৪৯৯০৪ | কংশনগর শাখা, কুমিল্লা | |

চলমান পাতা-২

| ক্রঃ নং | নাম, ঠিকানা ও মোবাইল নম্বর | সংশ্লিষ্ট শাখার নাম | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১০ | জনাব মোঃ আরিফুল আলম<br>ঠিকানা- মেসার্স মুনতাহা এন্টারপ্রাইজ, শ্রীপুর, চৌদ্দগ্রাম, কুমিল্লা।<br>মোবাইল-০১৭১১৪২২৭৪৩ | কুমিল্লা সদর দক্ষিণ উপজেলা শাখা, কুমিল্লা | |
| ১১ | জনাব মমতাজ আকতার<br>ঠিকানা- গোবিন্দপুর, বাড়েল্লা, বুড়িচং, কুমিল্লা।<br>মোবাইল- ০১৬৭৩৩২০৫১৯ | কংশনগর শাখা, কুমিল্লা | |
| ১২ | জনাব মোঃ সায়ফুল ইসলাম<br>ঠিকানা- বাড়েল্লা, বুড়িচং, কুমিল্লা।<br>মোবাইল- ০১৭৩২৫৫১৬৩৩ | কংশনগর শাখা, কুমিল্লা | |
| ১৩ | জনাব সোহেল চৌধুরী<br>ঠিকানা- মেসার্স আনোয়ারা এন্টারপ্রাইজ, প্রত্যাশী, ধানুয়া, ফরিদগঞ্জ, চাঁদপুর।<br>মোবাইল-০১৭২৮৩০২২৮০ | ফরিদগঞ্জ শাখা, চাঁদপুর | |
| ১৪ | জনাব শাহ মিরন বশির<br>ঠিকানা- মেসার্স গ্রাসরুট অর্গানিক এগ্রো, বিজয়পুর, শাহরাস্তি, চাঁদপুর।<br>মোবাইল-০১৭১১২৩৪৭৯৭ | শাহরাস্তি শাখা, চাঁদপুর | |
| ১৫ | জনাব মোঃ শরিফুল ইসলাম লিটন<br>ঠিকানা- মেসার্স লিটন মেডিকেল হল, স্টেডিয়াম রোড, চাঁদপুর সদর, চাঁদপুর।<br>মোবাইল-০১৭২৬২৪৭৫৫৮ | চাঁদপুর শাখা, চাঁদপুর | |
| ১৬ | জনাব খোরশেদ আলম<br>ঠিকানা- মেসার্স মক্কা ট্রেডার্স, কোয়া চাঁদপুর, কচুয়া, চাঁদপুর।<br>মোবাইল-০১৭২২০৯৭৭৪৪ | কচুয়া বাজার শাখা, চাঁদপুর | |
| ১৭ | জনাব মমিন হোসেন<br>ঠিকানা- সমাজ উন্নয়ন কেন্দ্র (সুক), বড্ডাপাড়া, সরাইল, ব্রাহ্মণবাড়িয়া।<br>মোবাইল-০১৭১১৪৫৬৮১৩ | ব্রাহ্মণবাড়িয়া কর্পোরেট শাখা, ব্রাহ্মণবাড়িয়া | |
| ১৮ | জনাব সাইফুল ইসলাম<br>ঠিকানা- মেসার্স বিসমিল্লাহ ইঞ্জিনিয়ারিং ওয়ার্কশপ এন্ড এসএস থাই এ্যালুমিনিয়াম, ৯৩২/৩, স্টেডিয়ামের পশ্চিম পার্শ্বে, দাতিয়ারা, ব্রাহ্মণবাড়িয়া।<br>মোবাইল নং- ০১৭১২২০৮৮১৬ | টি.এ. রোড শাখা, ব্রাহ্মণবাড়িয়া | |
| ১৯ | জনাব মোঃ আল আমিন<br>ঠিকানা- মেসার্স অথেনটিক এলপিজি রেটিকুলেশন সার্ভিস, মধ্যপাড়া বাসষ্ট্যান্ডের উত্তর পার্শ্বে, ব্রাহ্মণবাড়িয়া।<br>মোবাইল-০১৭১৬১৪৯৬২৪ | ব্রাহ্মণবাড়িয়া কর্পোরেট শাখা, ব্রাহ্মণবাড়িয়া | |
| ২০ | জনাব মোঃ লিল মিয়া<br>ঠিকানা- ৩০৫, মধ্য মেড্ডা, বনানী পাড়া, সদর, ব্রাহ্মণবাড়িয়া।<br>মোবাইল নং- ০১৭২৮২০৮১৮৩ | মেড্ডা উপজেলা কমপ্লেক্স শাখা, ব্রাহ্মণবাড়িয়া। | |

সোনালী ব্যাংক পিএলসি.
SONALI BANK PLC.
উদ্ভাবনী ব্যাংকিং এ আপনার বিশ্বস্ত সঙ্গী

জেনারেল ম্যানেজার'স অফিস,
কুমিল্লা।

সুবর্ণ জয়ন্তী
"সুবর্ণ জয়ন্তীর অঙ্গীকার
সোনালী ব্যাংক হবে সবার"

জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের নিমিত্ত অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে ২০২২-২৩ অর্থবছরে সভা (এপ্রিল জুন, ২০২৩ কোয়ার্টার) ও গণশুনানীতে অংশগ্রহণকারীদের তালিকাঃ

| ক্রঃ নং | নাম, পদবী ও কর্মস্থল | স্বাক্ষর |
|---|---|---|
| ০১ | | |
| ০২ | তুহিন কান্তি হালদার<br>AGM<br>[illegible]<br>প্র: কা: ঢাকা | [signature]<br>১০/০৬/২০২৩ |
| ০৩ | [illegible]<br>AGM, HRDD - HO | [signature]<br>10.06.2023 |
| ০৪ | মো: [illegible] কবীর<br>এজিএম. প্রধান কার্যালয়. ঢাকা | [signature]<br>১০/০৬/২০২৩ |
| ০৫ | মো: [illegible]<br>SPO, HRDD, H/O | [signature]<br>10-6-2023 |
| ০৬ | [illegible]<br>সিঃ অফিসার,<br>[illegible], প্র.কা: ঢাকা | [signature]<br>10.06.2023 |
| ০৭ | | |
| ০৮ | | |

ফোনঃ ০২৩৩৪৪০২৮৯০(জিএম), ০২৩৩৪৪০০১৩০(ডিজিএম), ই-মেইল ঃ gmcomilla@sonalibank.com.

সোনালী ব্যাংক পিএলসি.
SONALI BANK PLC.
উদ্ভাবনী ব্যাংকিং এ আপনার বিশ্বস্ত সঙ্গী

জেনারেল ম্যানেজার'স অফিস,
কুমিল্লা।

"সুবর্ণ জয়ন্তীর অঙ্গীকার
সোনালী ব্যাংক হবে সবার"

জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের নিমিত্ত অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে ২০২২-২৩ অর্থবছরে সভা (এপ্রিল জুন, ২০২৩ কোয়ার্টার) ও গণশুনানীতে অংশগ্রহণকারীদের তালিকাঃ

| ক্রঃ নং | নাম, পদবী ও কর্মস্থল | স্বাক্ষর |
|---|---|---|
| ০১ | Md. Khurshad Alam · AGM. Court Bld. Br. | [signature] |
| ০২ | S. M Sujjad ali Khan· S.P.O. Manager, Wapda· | [signature] |
| ০৩ | Mostafa Al Mamun po manager Mia Bazar. | [signature] |
| ০৪ | Md. Amzad Hossain, SPO Manager, SBL BISE Build, Cumilla. | [signature] |
| ০৫ | Abdur Rahman, SPO Manager, Kotbari br., Cumilla | [signature] |
| ০৬ | Rajib Paul, SPO, Manager, Cumilla Cant. br., Cumilla. | [signature] |
| ০৭ | Shareker Rafayet Ferdous. PO, Manager, Sadar Dakkhin Up. Br. Cumilla | [signature] |
| ০৮ | Faria Huda SPO. Chief Instructor. Sonali Bank Training Institute Cumilla | [signature] |

ফোনঃ ০২৩৩৪৪০২৮৯০(জিএম), ০২৩৩৪৪০০১৩০(ডিজিএম), ই-মেইল ঃ gmcomilla@sonalibank.com.

সোনালী ব্যাংক পিএলসি.
SONALI BANK PLC.
উদ্ভাবনী ব্যাংকিং এ আপনার বিশ্বস্ত সঙ্গী

জেনারেল ম্যানেজার'স অফিস,
কুমিল্লা।

সুবর্ণ জয়ন্তী

"সুবর্ণ জয়ন্তীর অঙ্গীকার
সোনালী ব্যাংক হবে সবার"

জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের নিমিত্ত অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে ২০২২-২৩ অর্থবছরে সভা (এপ্রিল জুন, ২০২৩ কোয়ার্টার) ও গণশুনানীতে অংশগ্রহণকারীদের তালিকাঃ

| | | |
|---|---|---|
| ০৯ | Md. Shariful Islam<br>Senior Principal Officer<br>GMO, Cumilla | [signature] |
| ১০ | Md. Sirajul Islam, SPO<br>GMO, Cumilla | [signature] |
| ১১ | Mohammad Abuzar<br>SPO GMO Cumilla | [signature] |
| ১২ | Md. Mainul Hossain<br>PO. GMO, Cumilla | [signature] |
| ১৩ | Md. Nazmul Alam<br>PO. GMO. Cumilla | [signature] |
| ১৪ | Md. Nasir Uddin<br>PO, GMO, Cumilla | [signature] |
| ১৫ | Khaled Mahmud Masumbillah.<br>SO GMO. Cumilla | [signature] |
| ১৬ | Md. Abul Rashed<br>PO GMO Cumilla | [signature] |
| ১৭ | | |


প্রধান অতিথি : জনাব মোঃ আফজাল করিম
বিশেষ অতিথি : জনাব মীর মোফাজ্জল
"জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের
নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে


"জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের
নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে
২০২২-২৩ অর্থ বছরের
(এপ্রিল-জুন, ২০২৩ কোয়ার্টার)
সভা ও গণশুনানি"
প্রধান অতিথি : জনাব মোঃ আফজাল করিম
বিশেষ অতিথি : জনাব মীর মোফাজ্জল হোসেন
ডেপুটি ম্যানেজিং ডিরেক্টর, সোনালী ব্যাংক পিএলসি, প্রধান কার্যালয়, ঢাকা।
সভাপতি : জনাব মোঃ শরিয়ত উল্লাহ্
স্থানঃ হোটেল এলিট প্যালেস, কুমিল্লা
আয়োজনেঃ


প্রধান অতিথি : জনাব মোঃ আফজাল করিম
"জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের
নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে
২০২২-২৩ অর্থ বছরের
(এপ্রিল-জুন, ২০২৩ কোয়ার্টার)
সভা ও গণশুনানি"
বিশেষ অতিথি : জনাব মীর মোফাজ্জল হোসেন
সভাপতি : জনাব মোঃ শরিয়ত উল্লাহ্
স্থানঃ হোটেল এলিট প্যালেস, কুমিল্লা
তারিখঃ ১০ জুন ২০২৩, শনিবার সময়ঃ ১১.৩০ ঘটিকা
আয়োজনেঃ
ব্যাংক পিএলসি, জেনারেল ম্যানেজার





"জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের
নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে
২০২২-২৩ অর্থ বছরের
(এপ্রিল-জুন, ২০২৩ কোয়ার্টার)
সভা ও গণশুনানি"
প্রধান অতিথি : জনাব মোঃ আফজাল করিম
বিশেষ অতিথি : জনাব মীর মোফাজ্জল হোসেন
সভাপতি : জনাব মোঃ শরিয়ত উল্লাহ্
স্থানঃ হোটেল এলিট প্যালেস, কুমিল্লা
তারিখঃ ১০ জুন ২০২৩, শনিবার সময়ঃ ১১.৩০ ঘটিকা
আয়োজনেঃ সোনালী ব্যাংক পিএলসি. জেনারেল ম্যানেজার'স অফিস, কুমিল্লা



"জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের
নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে
প্রধান অতিথি : জনাব মোঃ আফজাল করিম
বিশেষ অতিথি : জনাব মীর মোফাজ্জল